তারিখ 13 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 1

৪

দৈনিক বাংলা

দৈনিক বাংলা

ঢাকা : শুক্রবার, ২৯শে পৌষ, ১৩৯৫ : ১৩ই জানুয়ারী, ১৯৮৯

# সমরবিজ্ঞান শিক্ষা

সুশৃংখল যুবশক্তি জাতীয় জীবনে বৈপ্লবিক পরিবর্তন আনতে সক্ষম। আর এজন্যে প্রয়োজন ব্যাপক প্রশিক্ষণ কর্মসূচীর। মূলত এলক্ষ্য সামনে রেখেই দেশের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ন্যাশনাল ক্যাডেট কোর গঠন করা হয়। কোর-এর বার্ষিক কুচকাওয়াজে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ এই প্রশিক্ষণ কর্মসূচীকে আরো সম্প্রসারিত করার আশ্বাস ঘোষণা করেছেন।

দেশ রক্ষার দায়িত্ব সেনাবাহিনীর ওপর ন্যস্ত থাকলেও কোনো নাগরিকই এই মহান দায়িত্ব থেকে মুক্ত নন। প্রেসিডেন্ট এরশাদ বলেছেন সশস্ত্র বাহিনীর পাশাপাশি সামরিক প্রশিক্ষণপ্রাপ্ত যুব সমাজ দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষা করতে পারে। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যুব সমাজের ভূমিকা এর এক উজ্জ্বল উদাহরণ। সামরিক শিক্ষা ও প্রশিক্ষণ আগামী দিনের নাগরিকদের যোগ্যতর করে তুলতে পারে।

সামরিক প্রশিক্ষণ কেবল যুদ্ধ প্রস্তুতির জন্যেই জরুরী নয়। একটি জাতিকে সুশৃংখল ও কর্মমুখী করে তোলার ক্ষেত্রেও এ প্রশিক্ষণের প্রয়োজন আছে। প্রয়োজন আছে নেতৃত্বের গুণাবলী বিকাশে। দেশ জুড়ে আজ পুনর্গঠন আর পুনর্নির্মাণের যে ব্যাপক কর্মকান্ড শুরু হয়েছে তাকে সাফল্যের স্বর্ণশিখরে পৌঁছাতে হলে তরুণ সমাজের মধ্যে এসব গুণের লালন ও বিকাশ অপরিহার্য।

ন্যাশনাল ক্যাডেট কোর-এর সম্প্রসারণ তাই জাতীয় উন্নয়ন প্রচেষ্টায় পরিপূরক উদ্যোগ হিসেবে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রশিক্ষিত তারুণ্য যুদ্ধ, শান্তি আর যেকোনো দুর্যোগের মোকাবিলায়, সকল অবস্থাতেই যোগ্যতর অবদান রাখতে পারে। সকল বিশৃংখলা কাটিয়ে সমৃদ্ধ ভবিষ্যৎ রচনার জন্যে যেকোনো অবস্থার মোকাবিলায় সক্ষম যুবশক্তিই আমাদের কাম্য। এনসিসির সদস্য সংখ্যা অদূর ভবিষ্যতে এক লাখে উন্নীত করার সিদ্ধান্ত তাই একটি স্বাগত ঘোষণা।

প্রেসিডেন্ট এরশাদ একই সঙ্গে আরো একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য ঘোষণা করেছেন। তা হচ্ছে এই উচ্চতর শিক্ষায় সমরবিজ্ঞান কোর্স চালু করা। আমাদের শিক্ষাব্যবস্থার দুর্বলতা কাটিয়ে তাকে সময়োপযোগী করে তুলতে হলে ব্যাপক পরিবর্তনের প্রয়োজন আছে। শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর তাকিদ দীর্ঘ দিনের। অনুরূপ একটি কোর্স চালু করা হলে এই বাঞ্ছিত পরিবর্তন সাধন ও প্রশিক্ষিত যুবশক্তি গঠনের পথে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হবে।

সাদা কথা, একটি স্বাধীন দেশের যুবশক্তিকে জীবনের মোকাবিলা আর জাতীয় লক্ষ্য পূরণের জন্যে যেসব দক্ষতা আর যোগ্যতা অর্জন অপরিহার্য সামরিক প্রশিক্ষণ এবং বিশেষ করে শৃংখলা ও নেতৃত্বের বিকাশ তার প্রাথমিক শর্ত। এনসিসির সম্প্রসারণ ও উচ্চশিক্ষায় সমরবিজ্ঞান কোর্স প্রবর্তন এ শর্তই পূরণ করবে। আমরা এ সিদ্ধান্তকে স্বাগত জানানোর সঙ্গে আশা করবো আমাদের যুবসমাজ এ সুযোগ ব্যবহারে এগিয়ে আসবেন।